অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/27/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 250 মিলিয়ন ডলার কোভিড-19 ক্যাপিটাল কস্ট ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামের জন্য যোগ্যতা যাচাই করার জন্য ছোট ব্যবসাগুলিকে আমন্ত্রণ জানিয়েছেন

100 বা তার কম কর্মচারী সহ ছোট ব্যবসাগুলি কোভিড-19 সুরক্ষা বাড়ানোর উদ্দেশ্যে খরচের জন্য ট্যাক্স ক্রেডিট পেতে পারে

স্ক্রিন করার সরঞ্জামগুলি এখানে উপলব্ধ

গভর্নর ক্যাথি হোকল আজ ছোট ব্যবসাগুলিকে কোভিড-19 ক্যাপিটাল কস্ট ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামের (COVID-19 Capital Costs Tax Credit Program) জন্য তাদের যোগ্যতা নির্ধারণে সহায়তা করার উদ্দেশ্যে প্রাথমিক ইনটেক টুল খোলার ঘোষণা করেছেন। 250 মিলিয়ন ডলারের কোভিড-19 ক্যাপিটাল কস্ট ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামটি ছোট ব্যবসাগুলিকে সমর্থন করবে যারা জরুরি আদেশ এবং বিধি মেনে চলার জন্য বা কোভিড-19 এর প্রতিক্রিয়ায় জননিরাপত্তা বাড়াতে বিনিয়োগ করেছে। স্ক্রীনিং টুল দ্বারা যোগ্য বলে বিবেচিত হলে, প্রোগ্রাম অ্যাপ্লিকেশন খোলার সময় অ্যাপ্লিকেশনটির একটি লিঙ্ক প্রদান করা হবে।

"মহামারীটি নিউ ইয়র্কের ছোট ব্যবসাগুলিকে বিশেষ করে কঠোরভাবে প্রভাবিত করেছে, অনেককে বন্ধ করতে বাধ্য করেছে এবং অন্যদের তাদের কর্মচারী এবং গ্রাহকদের কোভিড-19 থেকে রক্ষা করার জন্য উল্লেখযোগ্য আর্থিক বোঝা বহন করতে বাধ্য করেছে," **গভর্নর হোকল বলেন।** "ছোট ব্যবসাগুলি আমাদের রাজ্যের অর্থনীতির মেরুদন্ড, এবং কোভিড-19 সংকট থেকে প্রকৃত পুনরুদ্ধার লাভ করার জন্য, আমাদের অবশ্যই সাহায্যের হাত বাড়িয়ে দিতে হবে। এই ট্যাক্স ক্রেডিট হবে নিউ ইয়র্কের ব্যবসার জন্য একটি গুরুত্বপূর্ণ জীবনরেখা এবং যারা এই অত্যাবশ্যকীয় সাহায্যের জন্য যারা আগ্রহী তাদের আমি আবেদন করতে উৎসাহিত করি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, সিইও এবং কমিশনার হোপ নাইট বলেছেন, "ব্যবসাগুলির উপর বহু খরচের বোঝা চেপেছে মহামারী চলাকালীন যা তাদের কর্মচারী এবং গ্রাহকদের নিরাপদ রাখার জন্য প্রয়োজন ছিল। এই ট্যাক্স ক্রেডিট কোভিডের সময় ব্যবসায়ী সম্প্রদায়ের উপর যে বোঝা চেপেচিল হ্রাস করবে এবং একে তার নিজের পায়ে আবার স্থিরভাবে দাঁড়াতে সাহায্য করবে। আমি গভর্নর হোকলের সমর্থনের জন্য এবং নিউ ইয়র্কের সমস্ত ব্যবসায়ী মালিকদের জন্য, যারা আমাদের অর্থনীতি পুনর্গঠনের জন্য প্রতিদিন কাজ করছেন তাদের কাছে কৃতজ্ঞ।"

মহামারীর কারণে হওয়া অর্থনৈতিক অবনতির জন্য ছোট ব্যবসাগুলি বিশেষভাবে ক্ষতিগ্রস্থ হয়েছিল। গভর্নর হোকলের নির্বাহী বাজেটের অংশ হিসাবে ঘোষিত ছোট ব্যবসার জন্য রাজ্যের সমর্থন অব্যাহত রাখার জন্য, এই নতুন ফেরতযোগ্য করের ছাড়ের প্রোগ্রামটি কোভিড-19-সম্পর্কিত খরচকে তার লক্ষ্য করে। যোগ্য কোভিড-19-সম্পর্কিত খরচের মধে আছে, কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়:

- কোভিড-19 সংক্রমণের বিরুদ্ধে জীবাণুমুক্ত বা সুরক্ষিত করার জন্য জিনিসপত্র
- সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য স্থান প্রসারণ বা সঙঘায়িত করার সাথে সম্পর্কিত খরচ
- HVAC সরঞ্জাম
- বর্ধিত বহিরঙ্গনের ক্রিয়াকলাপ এবং বাইরের জায়গার সম্প্রসারণের সাথে সম্পর্কিত খরচ
- যোগাযোগহীন বিক্রয়ের সুবিধার্থে যন্ত্রপাতি এবং সরঞ্জাম

ট্যাক্স ক্রেডিটগুলি যোগ্য খরচের 50 শতাংশ কভার করবে, 50,000 ডলার পর্যন্ত, সর্বাধিক 25,000 ডলার ট্যাক্স ক্রেডিট প্রদানের জন্য, এবং প্রোগ্রামের তহবিল শেষ না হওয়া পর্যন্ত ক্রেডিটগুলি আগে আসলে আগে পাবেন ভিত্তিতে প্রদান করা হবে। যোগ্য ব্যবসাগুলিকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটে একটি অবস্থান পরিচালনা করতে হবে, 100 বা তার কম থাকতে হবে, 2021 কর বছরে 2.5 মিলিয়ন ডলার বা তার কম মোট প্রাপ্তি হয়ে থাকতে হবে এবং 1 জানুয়ারী, 2021 এবং 31 ডিসেম্বর, 2022 এর মধ্যে যোগ্য খরচে অন্তত 2,000 ডলার হতে হবে।

ব্যবসাগুলিকে এখনও নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী ছোট ব্যবসা পুনরুদ্ধার অনুদান প্রোগ্রামের (Pandemic Small Business Recovery Grant Program) জন্য আবেদন করতে উৎসাহিত করা হয় যা কোভিড-19 সংক্রান্ত খরচের জন্য ছোট ব্যবসাগুলির উদ্দেশ্যে 5,000 থেকে 50,000 ডলার পর্যন্ত নমনীয় অনুদান প্রদান করে। তবে 1 জানুয়ারী, 2021 এবং 1 এপ্রিল, 2021 এর মধ্যে যে খরচগুলি হয়েছিল এবং এই অনুদান প্রোগ্রাম থেকে প্রাপ্ত অর্থ দিয়ে পরিশোধ করা হয়েছিল, তা কোভিড-19 ক্যাপিটাল কষ্টস ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামের অধীনে ট্যাক্স ক্রেডিট পাওয়ার যোগ্য নয়৷

তাদের 2022 ট্যাক্স রিটার্নের জন্য ট্যাক্স ক্রেডিট পেতে, ব্যবসাগুলিকে 31 ডিসেম্বর, 2022 তারিখে বা তার আগে ESD থেকে ট্যাক্স ক্রেডিট সার্টিফিকেট পেতে হবে। সম্ভাব্য আবেদনকারীদের স্ক্রীনিং টুলটি সম্পূর্ণ করার জন্য এবং প্রোগ্রামটি চালু হওয়ার সাথে সাথে আবেদন করার জন্য অনুরোধ করা হচ্ছে, কারণ 1 জানুয়ারী, 2023 বা তার পরে জারি করা কোনও ট্যাক্স ক্রেডিট ব্যবসার 2023 ট্যাক্স রিটার্ন না হওয়া পর্যন্ত দাবি করা যাবে না। আরও বিস্তারিত তথ্যের জন্য ESD ওয়েবসাইট দেখুন esd.ny.gov/covid-19-capital-cost-tax-credit এ

রাজ্য সিনেটর আনা কাপলান বলেছেন, "মহামারী চলাকালীন নিরাপদে পুনরায় খোলার জন্য ছোট ব্যবসাগুলিকে উল্লেখযোগ্য ব্যয় করতে হয়েছিল এবং সেই খরচগুলি ক্রমাগত বৃদ্ধি পাওয়ার সাথে তাদের আমাদের সমর্থন আগের চেয়ে বেশি প্রয়োজন। আমি কোভিড-19 ক্যাপিটাল কস্টস ট্যাক্স ক্রেডিট প্রোগ্রাম স্পনসর করতে পেরে গর্বিত, যা ছোট ব্যবসার

মালিকদের নিরাপদে থাকতে এবং খোলা থাকার আর্থিক প্রভাবগুলিকে কমিয়ে আনতে সাহায্য করবে এবং আমি প্রতিটি ছোট ব্যবসার মালিককে নতুন স্ক্রীনিং টুল ব্যবহার করতে উৎসাহিত করি প্রোগ্রামটি খুললে তারা ত্রাণ পাওয়ার জন্য যোগ্য কিনা তা দেখতে।"

অ্যাসেম্বলি সদস্য আল স্টির্পে বলেছেন, "অ্যাসেম্বলি স্মল বিজনেস কমিটির (Assembly Small Business Committee) চেয়ারম্যান হিসাবে, স্থানীয় উদ্যোক্তাদের যে কোনও উপায়ে সহায়তা করা আমার কাছে সর্বদা এক অগ্রাধিকার ছিল কারণ আমি জানি যে তাদের ব্যবসা চালু রাখার জন্য কি পরিমাণ আত্ম-নিবেদন প্রয়োজন। 250 মিলিয়ন ডলারের কোভিড-19 ক্যাপিটাল কস্ট ট্যাক্স ক্রেডিট প্রোগ্রাম দ্বারা প্রদত্ত অত্যাবশ্যক তহবিলের অ্যাক্সেস ত্বরান্বিত করতে সাহায্য করার জন্য স্ক্রীনিং টুলের সংযোজন একটি ছোট ব্যবসার যোগ্যতাকে সুবিন্যস্ত করবে। আসুন আমাদের ব্যবসাগুলিকে আবার পুনরবস্থায় ফিরিয়ে আনি, তাদের কোভিড-সম্পর্কিত মূলধন বিনিয়োগে 25,000 ডলার পর্যন্ত সহায়তা প্রদান করে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে (Empire State Development)
এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (New York State Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি" ("I LOVE NEW YORK"), যা এই স্টেটের সব চেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের বিপণন তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হল এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)। রিজিওনাল কাউন্সিলস (Regional Councils) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন